

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৭৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২২৪]

৮২/ আহকাম (১১১১। بالأحكام)

পরিচ্ছেদঃ ৩০৫৭. বিবাদমান সন্দেহযুক্ত ব্যক্তিদের ব্যাপারে জ্ঞান লাভ করার পর তাদেরকে ঘর থেকে বের করে দেওয়া। আবু বকর (রাঃ) এর বোনকে মৃত ব্যক্তির উপর বিলাপ করার কারনে ঘর থেকে বের করে দিয়েছিলেন

باب إِخْرَاجِ الْخُصُومِ وَأَهْلِ الرِّيَبِ مِنَ الْبُيُوتِ بَعْدَ الْمَعْرِفَةِ وَقَدْ أَخْرَجَ عُمَرُ أُخْتَ أَبِي بَكْرٍ حِينَ نَاحَتْ

আরবী

حَدَّتَنَا إِسْمَاعِيلُ، حَدَّتَنِي مَالِكٌ، عَنْ أَبِي الزِّنَادِ، عَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضى الله عنه ـ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قال " وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِعَطَبِ يُحْتَطَبُ، ثُمَّ آمُر بِالصَّلاَةِ فَيُؤَذَّنَ لَهَا، ثُمَّ آمُر رَجُلاً فَيَوُّمَّ النَّاسَ، ثُمَّ أُخَالِفَ إِلَى بِحَطَبِ يُحْتَطَبُ، ثُمَّ آمُر بِالصَّلاَةِ فَيُؤَذَّنَ لَهَا، ثُمَّ آمُر رَجُلاً فَيَوُّمَ النَّاسَ، ثُمَّ أُخَالِفَ إِلَى بِحَطَبِ يُحْتَطَبُ أَحَدُكُمْ أَنَّهُ يَجِدُ عَرْقًا سَمِينًا أَقْ رِجَالٍ فَأُحَرِّقَ عَلَيْهِمْ بُيُوتَهُمْ، وَالَّذِي نَفْسِي بِيدِهِ لَوْ يَعْلَمُ أَحَدُكُمْ أَنَّهُ يَجِدُ عَرْقًا سَمِينًا أَقْ مِرْمَاتَيْنِ مَسْنَتَيْنِ لَشَهِدَ الْعِشَاءَ ". قَالَ مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ يُونُسُ قَالَ مُحْمَّدُ بْنُ مُرَمَاتَيْنِ مَسْنَتَيْنِ لَشَهِدَ اللَّهِ مِرْمَاةً مَا بَيْنَ ظِلْفِ الشَّاةِ مِنَ اللَّحْمِ مِثْلُ مِنْسَاةٍ وَمِيضَاةٍ. الْمِيمُ مَخْفُوضَةٌ.

বাংলা

৬৭৩০। ইসমাঈল (রহঃ) ... আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে সন্তার হাতে আমার প্রাণ তার শপথ করে বলছি! আমার ইচ্ছা হয় যে, আমি জালানি কাঠ সংগ্রহের নির্দেশ দেই। তারপর সালাত (নামায/নামাজ) এর আযান দেওয়ার জন্য হুকুম করি এবং একজনকে লোকদের ইমামত করাতে বলি। এরপর আমি জামায়াতে আসে নাই সেসব লোকদের কাছে যাই আর তাদেরসহ তাদের ঘরগুলো জালিয়ে দেই। আমার প্রাণ যে সন্তার হাতে তার শপথ করে বলছি, যদি তারা জানত যে, একটি মাংসবহুল হাড় কিংবা দুটি বকরীর ক্ষুর পাবে তাহলে তারা এশার জামাআতে অবশ্যই হাযির হত।

মুহাম্মাদ ইবনু ইউসুফ (রহঃ) ... আবূ আবদুল্লাহ (বুখারী) (রহঃ) বলেনঃمُرْمَاةٌ অর্থ বকরীর ক্ষুরের মধ্যবর্তী মাংস। ছন্দগতভাবে مِرْمَاةٌ এর ন্যায় مُرْمَاةٌ এর ন্যায় مَرْمَاةٌ



English

Narrated Abu Huraira:

Allah's Messenger () said, "By Him in Whose Hands my life is, I was about to order for collecting fire wood and then order someone to pronounce the Adhan for the prayer and then order someone to lead the people in prayer and then I would go from behind and burn the houses of men who did not present themselves for the (compulsory congregational) prayer. By Him in Whose Hands my life is, if anyone of you had known that he would receive a bone covered with meat or two (small) pieces of meat present in between two ribs, he would come for `Isha' prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন